রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম খাদীজা রাদিয়াল্লাহু আন্হাকে জান্নাতে (তার জন্য) ফাঁপা মুক্তা নির্মিত একটি অট্টালিকার সু-সংবাদ দান করলেন; যেখানে কোন হট্টগোল ও ক্লান্তি থাকবে না।

আব্দুল্লাহ ইবনে আবূ আওফা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, আল্লাহর রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম খাদীজা রাদিয়াল্লাহু আন্হাকে জান্নাতে (তার জন্য) ফাঁপা মুক্তা নির্মিত একটি অট্টালিকার সু-সংবাদ দান করলেন; যেখানে কোন হট্টগোল ও ক্লান্তি থাকবে না।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আল্লাহর রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম খাদীজা রাদিয়াল্লাহু আন্হাকে জিবরীল আলাইহিস সালামের মারফতে জান্নাতে তার জন্য ফাঁপা মণি-মুক্তা দ্বারা নির্মিত একটি অট্টালিকার সু-সংবাদ দান করলেন; যেখানে কোন বিরক্তিকর হট্টগোল ও ক্লান্তি থাকবে না। উম্মুল মু‘মিনীন খাদিজা রাদিয়াল্লাহু আনহা প্রথম স্ত্রী যাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পঁচিশ বছর বয়সে বিবাহ করেন যখন তার বয়স ছিল চল্লিশ। আর তিনি ছিলেন বিবাহিতা। খাদিজা রাদিয়াল্লাহু আনহার ঘরেই তার চার মেয়ে তিন বা দুই সন্তান জন্ম গ্রহণ করে। তার মৃত্যুর আগ পর্যন্ত তার ওপর আর কাউকে তিনি বিবাহ করেন নি। তিনি ছিলেন একজন বুদ্ধিমতি, জ্ঞানী, গুণি ও মেধাবী মহিলা। তার রয়েছে অনেক প্রসিদ্ধ গুণাবলি।

http://sunnah.global/hadeeth/bn/show/3439